8605 I 7291 1000Rs.

INDIA NON JUDICIAL

१००० रु. — Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये — ONE THOUSAND RUPEES

[illegible]

Addl Dist Sub-Registrar
Cossipore, Dum Dum, Cal-30

05 DEC 2001

৩০,০০০ ত্রিশহাজার টাকা মূল্যে

স্থাবর সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা

ক্রেতা :- ১। শ্রী খগেন্দ্র নাথ চৌধুরী পিতা ক্ষিতীশ চন্দ্র চৌধুরী, পেশা ব্যবসা

২। শ্রীমতী বিভাবতী চৌধুরী স্বামী শ্রী খগেন্দ্র নাথ চৌধুরী,
পেশা গৃহকর্ত্রী, উভয়ের জাতি হিন্দু, সাকিন ১১৩নং পূর্ব সিঁথি
রোড, থানা দমদম, জেলা উত্তর ২৪পরগনা, কলকাতা-৩০।

(দলিল গ্রহীতা ও গ্রহীত্রী)

বিক্রেতা :- শ্রী কালীপদ বন্দ্যোপাধ্যায় পিতা হরি চরন বন্দ্যোপাধ্যায়
জাতি হিন্দু, পেশা অবসর ভোগী, সাকিন ১৭২নং পূর্ব সিঁথি
রোড, থানা দমদম, জেলা উত্তর ২৪ পরগনা, কলকাতা-৩০।
হাল সাং ১২৫নং পূর্ব সিঁথি রোড, কলকাতা-৩০।

(দলিল দাতা)

রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্তশ্রীমতী পারুল বালা সরকার মহাশয়ার নিকট

1823 তারিখ 20-11-2001

1008/-

Sri Khagendra Nath Chowdhury.

110, Pabna Sinthee Rd. P.S. Dum Dum. Kol-

B. 1501.
(2)

8 NOV 2001

Sl. no. 1623 = Rs. 1000-00
Sl. no. 1824 = Rs. 517-00
Rs. 1517-00

0 0 0

Addl. Dist. Sub-Registrar
Cossipore, Dum Dum, Cal-30
14 DEC 2001

শ্রীকালীপদ বন্দ্যোপাধ্যায়

12-4-05

শ্রীকালীপদ বন্দ্যোপাধ্যায়

Addl. Dist. Sub-Registrar
Cossipore, Dum Dum, Cal-30
DEC 2001

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.

Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

শ্রীকালীপদ বন্দ্যোপাধ্যায়

(২)

কমা সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থানীয় মাপের কমবেশী ০-৫-১৪ পাঁচ ছটাক চৌদ্দ বর্গফুট পুরাদি সমেত খালি বাস্তু জমি তৎসহ যাবতীয় আকর আওলাতাদি ওয়্যাবু ইজমেন্ট রাইট সহ দরকস্ত হকহকুক সম্পত্তি বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে:-

জেলা ২৪ পরগনা, থানা দমদম এর এলাকাধিন জে: এল:নং ২২, মৌজা পূর্ব্ব সিঁথি $\frac{১২২৮}{২৮৩৩}$ নং তৌজি, উর্দ্ধতনমালিক পশ্চিমবঙ্গ সরকারপক্ষে বর্তমানে উত্তর ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর সরকারে নাবেক ৫৭ হাল ১১৬৪ নং খতিয়ান স্থিত ৮০২, ৮১০ এবং ৮১১ নং দাগের ১৫-০-০ পনের কাঠা জমি মধ্যে মৌরসী চিরস্থায়ী মোকররী মৌরসী বার্ষিক ২ পাই করের জমি যাহা পূর্ব্বকার্ত্তিক চন্দ্র ঘাটী ও ভূতনাথ ঘাটী দিং স্বত্ব দখলিয় রেকর্ডিয়

রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত শ্রীমতী পারুল বালা সরকার মহাশয়ার নিকট

সম্পত্তি থাকে। উক্ত সম্পত্তি মধ্যে ৮০৯ নং এবং ৮১০ নং দাগের জমি হইতে কমবেশী ১২-০-০' বার কাটা জমি যাহা শ্রী রাম বরাই আহীর গোয়ালা ও শ্রী রামপতি আহীর গোয়ালা দিং বার্ষিক ৪৮্ টাকা খাজনা ধার্য্যে উক্ত কার্ত্তিক চন্দ্র ঘাটি ও ভূতনাথ ঘাটি দিং নিকট হইতে বন্দোবস্ত লইয়া গৃহাদি নির্ম্মান করতঃ বসবাস করিয়া আসিতে থাকাকালে রিভিশনাল সেটেলমেন্ট আরম্ভ হয় ও উক্ত সেটেলমেন্টের ১১৮৪ নং খতিয়ানে ৮০৯ এবং ৮১০ নং দাগের জমি মালিক শ্রী কার্ত্তিক চন্দ্র ঘাটি ও শ্রী ভূতনাথ ঘাটী দিগের অধীনস্থ প্রজা শ্রী রাম বরাই আহীর গোয়ালা ও শ্রী রামপতি আহীর গোয়ালা দিং নামে বার্ষিক ৪৮্ টাকা কর ধার্য্যে চিরস্থায়ী দখলকারসূত্রে রেকর্ড লিপিবদ্ধ হয়। শ্রী রাম বরাই আহীর গোয়ালা দিং উক্ত সম্পত্তির ধার্য্য খাজনাদি প্রদানে থাকে ভোগ দখল করিয়া আসিতে থাকাকালে উক্ত ১২-০-০' বার কাটা জমি বিভিন্ন প্লটে বিভক্ত করতঃ সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উক্ত জমি মধ্যে ৩নং প্লটস্থিত স্থানীয় মাপের কমবেশী ৩-৪-০' তিনকাটা চার ছটাক বার্ষিক হারাহারি মত ১৩্ টাকা করের জমিজমা মায় গৃহাদি যাহা শ্রীমতী পারুল বালা সরকার মহাশয়া কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ইং ২২।৭।১৯৬০ সালের ১নং বহির, ৬০ নং ভলুমের, ২২০ হইতে ২২২ পাতায় নকল কৃত ৫৬৮১নং যুক্ত রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত রাম বরাই আহীর গোয়ালা ও শ্রী রাম পতি আহীর গোয়ালা দিগের নিকট হইতে খরিদ করিয়া উক্ত সম্পত্তিতে সত্ত্ববতী ওমালিক দখলকারিনী নিযুক্ত হইয়া খাজনা ও ট্যাক্সাদি প্রদানে থাকে ভোগ দখল করিয়া আসিতে থাকাকালে উক্ত ৩-৪-০' ছটাক জমি মায় গৃহাদি সাফ বিক্রয় করিবার ঘোষনা করিলে পর উহা অত্র দলিল দাতা ও বিক্রেতা আমি কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১৯৭৭ সালের ১নং বহির, ৪০ নং ভলুমের, ৯৫ হইতে ১০০ পাতায় নকল কৃত ১৩১১নং যুক্ত রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত শ্রীমতী পারুল বালা সরকার মহাশয়ার নিকট

হইতে খরিদ করিয়া উক্ত সম্পত্তিতে স্বত্ববান ওমালিক দখলকার নিযুক্ত হইয়া স্থানীয় মিউনিসি-প্যালিটিতে নিজ নাম পত্তন করত: খাজনা ও ট্যাক্সাদি প্রদানে খাসে অন্যের নিরাপদে নির্বিবাদে ওয়ারিশানাদির ক্রমে ভোগ দখল করিয়া আসিতে থাকাকালে কতকাংশ জমি বিক্রয় করা বাদে আমার খাসে থাকা অবশিষ্ট জমি বাস্তু গৃহাদি দান, বিক্রয়, হস্তান্তরাদি করিবার উত্তম স্বত্ব ও অধিকার আমার আছে।

উক্ত সম্পত্তি সাউথ দমদম মিউনিসিপ্যালিটির ১৪নং ওয়ার্ডের অন্তর্গত ২০৩নং পূর্ব সিঁথি রোড 'বি' নং হোল্ডিং যুক্ত ও ১২৫নং পূর্ব সিঁথি রোড প্রেমিসেসস্থিত সম্পত্তি হইতেছে।

ক্ষনে নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে আমার নগদ টাকার বিশেষ প্রয়োজনহওয়ায় আমার খরিদা স্বত্ব দখলিয় উক্ত পূর্ব সিঁথি মৌজার ৮০২এবং ৮১৩নং দাগের জমিমধ্যে ৩নং স্কীম প্লটস্থিত স্থানীয় মাপের কমবেশী ৩-৪-০' ছটাক জমি বাস্তু গৃহাদি মধ্যে কতকাংশ জমি বিক্রয় করাবাদে আমার খাসে থাকা অবশিষ্ট জমি বাস্তু গৃহাদি মধ্যে দক্ষিন দিকস্থ স্থানীয় মাপের কমবেশী ০ - ৫ - ১৪' পাঁচ ছটাক চৌদ্দ বর্গফুট গৃহাদি বা বসত বাটী সংলগ্ন খালি জমি মায় বিক্রয় করিব মনস্থ করিয়া ঘোষনা করিলেপর আপনারা অত্র দলিল গ্রহীতা ও গ্রহীত্রী ওক্রেতা উক্ত ০ - ৫ - ১৪' পাঁচ ছটাক চৌদ্দ বর্গফুট জমি মায় যাবতীয় আব্রু আগুনাতাদি ইজমেন্ট স্বত্বাদি খরিদ করিতে ইচ্ছুক হইয়া উহার সর্বোচ্চ মূল্য বেলমোক্তা ৩০,০০০ ত্রিশ হাজার টাকা দিতে স্বীকার করায় আমি আপনাদিগের প্রস্তাবিত উক্তমূল্যে সম্মতহইয়া ও মূল্যের লিখিত টাকা আপনাদিগের নিকট হইতে নিম্নজায় মত গ্রহন করিয়া তপশীল বর্নিত ও অত্র সহ নকসায় প্রদর্শিত লাল রঙে বেষ্টিত ও সীমাচিহ্নিত দক্ষিন দিকস্থ স্থানীয় মাপের কমবেশী ০-৫-১৪' পাঁচ ছটাক চৌদ্দ বর্গফুট গৃহাদি সংলগ্ন খালি জমি মায় যাবতীয় আব্রু

আগুনাতাদি ইজমেন্ট স্বত্বাদি আপনাদের নিকট সাফ বিক্রয় করিলাম ও বিক্রীত সম্পত্তি হইতে ওয়ারিশান স্থলাভিষিক্তগন ক্রমে নিস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও উহাতে আপনাদিগকে দখল ছাড়িয়া দিলাম।

আপনারা অদ্যকার তারিখ হইতে আমার বিক্রীত সম্পত্তিতে স্বত্ববান স্বত্ববতী ও মালিক দখলকার, দখলকারিনী নিযুক্ত হইয়া মালিকান সরকার ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আপনাদিগের নিজ নাম পত্তনকরতঃ ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি আপনাদিগের নিজ নামে নিয়মিত প্রদানে উক্ত সম্পত্তি মধ্যে গৃহাদি বা পাকা ইমারতাদি নির্ম্মান, ভাঙ্গা, গড়া, পরিবর্ত্তন, পরিবর্দ্ধন, সংস্কার, দান, বিক্রয়, হস্তান্তরাদি সর্ব্বপ্রকার ক্ষমতা পরিচালনা করিতে থাকিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গন ক্রমেযদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশ স্থলাভিষিক্ত গন মধ্যে কেহ কস্মিন কালেও কোন প্রকার দাবী দাওয়া ওজর আপত্তি করিব না বা করিবেক না করিলেও উহা সর্ব্বভাবে সর্ব্বাদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংযুক্ত স্বত্ব হক হকিয়ৎ ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে তৎসমস্তই অদ্যকার তারিখ হইতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র কোবালা দলিলের বলে আমা হইতে আপনাদিগেতে বর্ত্তিল।

বিক্রীত সম্পত্তি কোন প্রকার দায়াবদ্ধ করি নাই বা করা নাই। উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত বা কোন আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে বা কোন রিকুইজিশান বা এ্যাকুইজিশানের অন্তর্ভুক্ত নাই। তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি আমি পূর্ব্বে কাহারও নিকট বিক্রয় করি নাই বা বিক্রয় করিবার মর্ম্মে কাহারও সহিত কোন চুক্তি বা বায়না পত্রে সহি সম্পাদন করি নাই। আমার অপর কোন শরীক বা অংশীদার নাই। তপশীল বর্ণিত বিক্রীত

সম্পত্তির সীমানা লইয়া কাহারো সহিত কোন বিরোধ নাই। উক্ত সম্পত্তি আমি কাহারো নিকট কোন মোক্তারির চার্জ বা জামিনের দায়ে আবদ্ধ রাখি নাই। উহা কোন দেব সেবায় বা ট্রাস্ট ফান্ডে অর্পন করি নাই। উপরোক্ত বর্ণিত বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আমার নিজ খাস ও তত্ত্বাবধানে থাকাবস্থায় আপনাদিগের নিকট সাফ বিক্রয় করিলাম।

যদ্যপি ভবিষ্যতে বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার অস্পষ্টতা প্রকাশ পায় বা আমার খরিদা সূত্র স্বামিত্ব ও দখলের দোষে আপনাদের খরিদা সূত্র দখলের কোন ক্ষতি বা বিঘ্ন হয় তাহা হইলে প্রচলিত আইন আমলে আমিও ও আমি আপনাদিগের যাবতীয় ক্ষতির দাবী সহ মূল্যের লিখিত টাকা ফেরত দিতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গন ক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবেক।

বিক্রীত সম্পত্তিতে আপনাদিগের খরিদা সূত্র দখল কায়েম ও সুদৃঢ় করিবার কারনে আপনাদিগকে সকল প্রকার সহায়তা করিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক।

বিক্রীত সম্পত্তি সংক্রান্ত দলিলাদি মধ্যে আমার আরও সম্পত্তি বা স্বার্থ থাকায় ঐ সকল দলিলাদি আমার নিকট রহিল। আপনাদিগের প্রয়োজনে আপনাদিগকে দর্শাইব।

এই দলিলে কোন ভুল থাকা প্রকাশিত হইলে উহা আমাকে অবগত করাইলেপর আমি আপনাদিগের খরচায় আপনাদিগের অনুকূলে ভুল সংশোধন পত্র দলিল বা যে কোন আইন সম্মত পরিপূরক দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গন ক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবেক।

বিক্রীত সম্পত্তির রাইট টাইটেল ও ইন্টারেষ্ট সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোন মামলা মোকর্দ্দমার উদ্ভব হইলে ও তৎকারনে আমার কোন সাক্ষ্য বা জবানবন্দী দিবার প্রয়োজন হইলে উহা আমাকে অবগত করাইলে পর আমি আপনাদিগের অনুকূলে যে কোন অফিস আদালতে উপস্থিত হইয়া সাক্ষী বা জবানবন্দী দিতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গন ক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবেক।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা অনুরোধে এই দলিলের ভাষা ও মর্ম সম্যক অবগত হইয়া মূল্যের নিমিত্ত ৩০,০০০ ত্রিশ হাজার টাকা নিয়ত মত আপনাদিগের নিকট হইতে গ্রহনকরিয়া আপনাদিগের অনুকূলে এই সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৪০৮ সালের ১৮ই অগ্রহায়ন- ইং তাং ৪ ।১২ । ২০০১ সাল ।

## ।। তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ।।

জেলা উত্তর ২৪ পরগনা, এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম পরগনা পঞ্চান্ন গ্রাম সংক্রান্ত ডি ডি ১, সাব ডিঃ ১১ হোল্ডিং নং ১৬ সাউথ দমদম মিউনিসিপ্যালিটীর ১৪ নং ওয়ার্ডের অন্তর্গত সাবেক ২৬৫।২ তৎপরে ১২৩ নং বর্তমানে ২০৩ নং পূর্ব সিঁথি রোড " বি " হোল্ডিং ভুক্ত থানা দমদম এর এলাকাধিন জেঃ এলঃনং ২২, রেঃ সাঃ নং ৮, মৌজা পূর্ব সিঁথি, $\frac{১২৯৮}{২৮৩৩}$ নং তৌজি, উর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বর্তমানে উত্তর ২৪ পরগনা জেলা কালেক্টার বাহাদুর অধিকারে সাবেক ৫৭ এবং হাল ১১৬৪ নং খতিয়ান সিটে ৮০৯ আট শত নয় এবং ৮১০ আট শত দশ নম্বর দাগের বাস্তু জমি মধ্যে আমার খরিদা স্থানীয় মাপের কমবেশী ০-৪-০ ছটাক জমি যায় তদ্ পরিস্থিত গৃহাদি যায় বসতবাটী তন্মধ্যে আমার খাসে থাকা সম্পত্তি মধ্যে দক্ষিন দিকস্থ ও এই সহ নকসায় প্রদর্শিত লাল রঙে বেষ্টিত ও সীমা চিহ্নিত বসত বাটী সংলগ্ন স্থানীয় মাপের কমবেশী ০ - ৫ - ১৪' পাঁচ ছটাক চৌদ্দ বর্গফুট চিরস্থায়ী বসত দখলকার সূত্রায় বার্ষিক হারাহারি মত ১.১০ পয়সা করের জমিজমা । ১২৩নং পূর্ব সিঁথি রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তির অংশ ।

যাহার চৌহদ্দি :-

উত্তরে :- বিক্রেতা আমার খাসে থাকা অবশিষ্ট জমি ও বাড়ী ।

দক্ষিনে:- ক্রেতা আপনা দিগের পূর্ব খরিদা জমি ।

শ্রীকালীপদ বন্দ্যোপাধ্যায়

(৮)

পূর্ব্বে :- ক্রেতা আপনাদের জমি ও বাড়ী।

পশ্চিমে :- পুস্কর কুমার পাল দিং জমি ও বাড়ী।

অত্র চৌহদ্দি মধ্যে বিক্রীত ভূমির পরিমান স্থানীয় মাপের কমবেশী ০ - ৫ -১৪ ' পাঁচ ছটাক চৌদ্দ বর্গফুট গৃহাদি সংলগ্ন খালি জমি তৎসহ যাবতীয় আব্রু আওনাতাদি বর্ত্তমান ইজমেন্ট রাইট সহ দরবস্ত হকহকুক সম্পত্তি অত্র দলিলের বিক্রীতসম্পত্তি হইতেছে।

টাকার জায় :-

১০০ টাকার নোট ৩০০ কেতায়

৩০,০০০ ত্রিশ হাজার টাকা মাত্র।

শ্রীকালীপদ বন্দ্যোপাধ্যায়

ইসাদী:-


১। অমিয় বালা বন্দ্যোপাধ্যায়
স্বামী শ্রী কালীপদ বন্দ্যোপাধ্যায়
২২৬, পূর্ব সিঁথি রোড
কলকাতা- ৭০০০৩০

২। বাসুদেব বন্দ্যোপাধ্যায়
পিতা. শ্রী কালীপদ বন্দ্যোপাধ্যায়
২২৬, পূর্ব সিঁথি রোড
কলকাতা- ৭০০০৩০

৩। দ্বিজেন্দ্র নাথ সাহা
পিতা: ৺ নগেন্দ্র নাথ সাহা
৫৩, এ পি.সি. এভিনিউ
কলকাতা- ৭০০০৩০

মুসাবিদা কারক:-
শ্রী নারায়ন কুমার ভট্টাচার্য্য
শ্রী নারায়ন কুমার ভট্টাচার্য্য
সাং দেশবন্ধুনগর, কলি- ৫৯.
এনঃনং ডি.ডবলু x/- ২১.

টাইপ কারক:-
সমীর ঘোষ
সমীর ঘোষ
পাটনা, কলি- ৫৯.




রোড, থানা দমদম, জেলা উত্তর ২৪ পরগনা, কলকাতা- ৩০ ।

দলি সাং ১২৫নং পূর্ব্ব সিঁথি রোড, কলকাতা- ৩০ ।

দলিল দাতা)

রেজিষ্ট্রীকৃত দায় কোবালা দলিলের দ্বারা উক্তমতো